

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-০৪/বি, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরে-বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.০৬.০১৯.১৪- ৫০৫

তারিখ : ৯/০৮/২০১৬ খ্রিঃ

বিষয় : কারিগরি শিক্ষা অধিদপ্তরে ১১/০৮/২০১৬ খ্রিঃ তারিখ অনুষ্ঠিতব্য মাসিক সমন্বয় সভায় অংশগ্রহণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ১১/০৮/২০১৬ খ্রিঃ তারিখ রোজ বৃহস্পতিবার অধিদপ্তরাদীন প্রতিষ্ঠানসমূহের অধ্যক্ষগণকে নিয়ে মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অধিদপ্তরের সম্মেলন কক্ষে নিম্নলিখিত সময়সূচি অনুযায়ী একটি মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হবে।

ক) সকাল ৮.৩০ মিনিট হতে ১২.৩০ মিনিট পর্যন্ত ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট ও টেকনিক্যাল স্কুল এন্ড কলেজসমূহের অধ্যক্ষগণ

খ) বেলা ২.৩০ মিনিট হতে ৫.৩০ মিনিট পর্যন্ত পলিটেকনিক/মনোটেকনিক ইন্সটিটিউটসমূহের অধ্যক্ষগণ

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে যথাসময়ে অধিদপ্তরের সভাকক্ষে উপস্থিত থাকার জন্য অনুরোধ জানানো হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জনস্বার্থে জারী করা হলো। সংশ্লিষ্ট কর্মকর্তাগণ বিধি মোতাবেক টিএ/ডিএ প্রাপ্য হবেন।

সভার আলোচ্য সূচি :

১. নূতন টেকনোলজি/গ্রুপ বৃদ্ধি (যাহার জন্য প্রযোজ্য)
২. টেকনোলজি ভিত্তিক বৃদ্ধি প্রাপ্তসহ মোট শিক্ষার্থীর সংখ্যা
৩. ক্লাশ রুটিন তৈরী হয়েছে কি-না?
৪. ১৬/০৮/২০১৬ খ্রিঃ তারিখ ওরিয়েন্টেশন ক্লাশ সংক্রান্ত গৃহীত পদক্ষেপ
৫. নূতন টেকনোলজি/গ্রুপ বৃদ্ধিপ্রাপ্ত শিক্ষার্থীদের ক্লাশ পরিচালনার বিষয়ে গৃহীত পদক্ষেপ

- * শ্রেণি কক্ষ
- * আসবাবপত্র
- * ব্যবহারিক ক্লাশের ব্যবস্থা

৬. বিবিধ

স্বাক্ষরিত/-

(ড. শেখ আরু রেজা)

পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) ও
পরিচালক (প্রশাসন) এর রপ্টন দায়িত্ব

বিতরণ :


- ০১। অধ্যক্ষ, পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)/ মহিলা পলিটেকনিক ইন্সটিটিউট (সকল)।
- ০২। অধ্যক্ষ, গ্রাফিক আর্টস ইন্সটিটিউট, মোহাম্মদপুর, ঢাকা/ বাংলাদেশ ইন্সটিটিউট অব গ্লাস এন্ড সিরামিকস, তেজগাঁও, ঢাকা/ বাংলাদেশ সার্ভে ইন্সটিটিউট, কুমিল্লা/ ফেনী কম্পিউটার ইন্সটিটিউট, ফেনী।
- ০৩। অধ্যক্ষ, ভোকেশনাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট, বগুড়া।
- ০৪। অধ্যক্ষ, টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল)।

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০১০.০৬.০১৯.১৪- ৫০৫(৭)

তারিখ : ৯/০৮/২০১৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। [সভায় ১ম অর্ধেও কার্যপত্র প্রস্তুতের নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।]
- ০২। পরিচালক (প্রশাসন/ পরিকল্পনা ও উন্নয়ন/ পি.আই.ইউ/ পি.আই.ডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। সহকারী পরিচালক (১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৪। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৫। প্রশাসনিক কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা [তাকে সভায় আপ্যায়নের জন্য অনুরোধ জানানো হলো]।
- ০৬। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৭। সংরক্ষণ নথি।



(মোঃ আককাছ আলী সেখ)
সহকারী পরিচালক